# খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

## Khulna Water Supply & Sewerage Authority

৭ নং রুজভেল্ট জেটি ঘাট (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা।

স্মারক নং: ৪৬.০৭.০০০০.০০১.০৬.০০১.২৫-৭০৬৭ www.prebd.com তারিখ : ২৩/০৭/২০২৫ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

১. খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক পদে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য বাংলাদেশী সুস্বাস্থ্যের অধিকারী ন্যূনতম বিএসসি (ইঞ্জিনিয়ারিং) বা সমমানের ডিগ্রীধারী যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট বিষয়ে আরও উচ্চতর ডিগ্রী এবং অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/স্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীতে কর্মরত আছেন বা ছিলেন এমন প্রার্থীদের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ন্যূনপক্ষে তৃতীয় গ্রেড/স্কেল বা সমপর্যায়ের স্কেলধারী হতে হবে। খুলনা ওয়াসা বোর্ডের কাছে ব্যবস্থাপনা পরিচালক খুলনা ওয়াসার দৈনন্দিন ও উন্নয়নমূলক কার্যক্রম পরিকল্পনা ও পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য দায়ী থাকবেন। খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালকের কাজের বিস্তারিত বিবরণ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী নির্ধারিত হবে।

২. প্রার্থীর অবশ্যই পানি সরবরাহ, পানি ব্যবস্থাপনা এবং পয়ঃনিষ্কাশন সেক্টরে ২০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৩. আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহারে পারদর্শী হতে হবে।

৪. প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের দিনে অনূর্ধ্ব ৬০ বছর হতে হবে। বয়সের প্রমাণস্বরূপ এসএসসি সনদের কপি দাখিল করতে হবে।

৫. উক্ত পদের জন্য বেতন-ভাতা ও সুবিধাদি আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে। এছাড়া প্রচলিত নিয়ম অনুযায়ী সার্বক্ষণিক ব্যবহারের জন্য ড্রাইভার ও জ্বালানীসহ একটি গাড়ী, আবাসিক টেলিফোন, মোবাইল ফোন ও তার বিল খুলনা ওয়াসা কর্তৃপক্ষ প্রদান করবে।

৬. উক্ত পদের জন্য উপযুক্ত বিবেচনা করেন এরূপ প্রার্থীগণ বিস্তারিত বিবরণ সম্বলিত নিজের জীবনবৃত্তান্তসহ আহবায়ক, কর্মসম্পাদন সহায়তা কমিটি, খুলনা ওয়াসা এর নিকট আবেদন করতে পারবেন। আবেদনপত্র আগামী ১০/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০টার মধ্যে নিম্ন ঠিকানার দপ্তরে পৌছাতে হবে। আবেদনকারীর সংখ্যার নিরিখে একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করতঃ উক্ত পদে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য আহবান করা হবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি. এ/ডি. এ প্রদান করা হবে না।

৭. আবেদনকারী সর্বশেষ যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন বা ছিলেন সে প্রতিষ্ঠানের প্রধান অথবা উক্ত প্রতিষ্ঠানের নিয়োগকারী কর্তৃপক্ষের কাছ থেকে প্রার্থীর চাকুরীকাল সন্তোষজনক ছিল মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৮. কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/স্বশাসিত প্রতিষ্ঠান হতে বরখাস্ত (ডিসমিস্‌ড) বা কোন ফৌজদারী আদালতে সাজাপ্রাপ্ত ব্যক্তি উক্ত পদের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

৯. একই সাথে গত ০৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি, ০৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখে পত্রিকায় (অনলাইন) প্রকাশিত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি এবং ০৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি এবং সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি এতদ্বারা বাতিল করা হলো। যে সকল প্রার্থী ইতোপূর্বে আবেদন করেছিলেন তারা পুনরায় আবেদন করতে পারবেন।

১০. কর্তৃপক্ষ যে কোন নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

সদস্য সচিব
কর্মসম্পাদন সহায়তা কমিটি
খুলনা ওয়াসা
কক্ষ নং-৩০২, খুলনা ওয়াসা ভবন,
জোড়াগেট, খালিশপুর, খুলনা।

ডিসি-৫৪৮/২৫ (৮″×৪)